

💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ খায়বার ও ওয়াদিল কুরা যুদ্ধ (মুহাররম, ٩ম হিজরী) ٧ غَزْوَةُ خَيْبَرَ وَوَادِيْ الْقُرٰي (في المحرم سنة ٥)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

খায়বার অভিমুখে যাত্রা (الْخُرُوْجُ إِلَى خَيْبَرَ):

ইবনু ইসহারু সূত্রে জানা যায় যে, হুদায়বিয়াহ থেকে প্রত্যাবর্তনের পর রাসূলে কারীম (ﷺ) পুরো যিলহাজ্জ মাস এবং মুহাররম মাসের কয়েক দিন মদীনায় অবস্থান করেন। অতঃপর মুহাররম মাসেরই শেষভাগে কোন এক সময়ে খায়বার অভিমুখে যাত্রা করেন। মুফাসসিরগণের বর্ণনা রয়েছে যে খায়বারের ব্যাপারে আল্লাহর যে ওয়াদা ছিল তা নিম্নে কুরআনে ইরশাদ হয়েছে,

(وَعَدَكُمُ اللهُ مَغَانِمَ كَثِيْرَةً تَأْخُذُوْنَهَا فَعَجَّلَ لَكُمْ هٰذِهِ) [الفتح: 20]

'আল্লাহ তোমাদেরকে বিপুল পরিমাণ গানীমাতের ও'য়াদা দিয়েছেন যা তোমরা লাভ করবে। এটা তিনি তোমাদেরকে আগেই দিলেন।' [আল-ফাতহ (৪৮) : ২০]

এর অর্থ ছিল হুদায়বিয়াহর সন্ধি এবং অনেক গণীমতের সম্পদ এর অর্থ ছিল খায়বার প্রসঙ্গ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6335

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন